

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”

বাংলাদেশ



গেজেট



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, আগস্ট ১০, ২০২১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
নিকার অধিশাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১৪ শ্রাবণ ১৪২৮/২৯ জুলাই ২০২১

বিষয় : কক্সবাজার জেলায় ঈদগাঁও নামক উপজেলা গঠন।

নং ০৪.০০.০০০০.৭২১.০৬.০০১.২১.১০৩—প্রশাসনিক পুনর্বিন্যাস সংক্রান্ত জাতীয় বাস্তবায়ন কমিটি(নিকার)-এর ১১৭তম সভার সিদ্ধান্ত অনুযায়ী সরকার কক্সবাজার জেলার সদর উপজেলার ১০ (দশ)টি ইউনিয়নের মধ্য হতে ০৫ (পাঁচ)টি ইউনিয়ন যথা: ১. ইসলামপুর, ২. পোকখালী, ৩. ইসলামাবাদ, ৪. ঈদগাঁও এবং ৫. জালালাবাদ ইউনিয়ন সমন্বয়ে ঈদগাঁও উপজেলা স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেছে। উক্ত উপজেলার বিভিন্ন অফিসের জন্য নিম্নরূপ অফিস সেট-আপ অনুমোদন করা হয়েছে :

ক্রমিক নম্বর	অফিসের নাম	কর্মকর্তা-কর্মচারী		
		কর্মকর্তা	কর্মচারী	মোট
১.	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয় (ক) সংরক্ষিত (খ) হস্তান্তরিত	১	১৫	১৬
২.	উপজেলা ভূমি অফিস	১	১১	১২
৩.	থানা (পুলিশ স্টেশন)	১	২৫	২৬
৪.	উপজেলা হিসাবরক্ষণ অফিস	১	৩	৪
৫.	উপজেলা শিক্ষা অফিস	৩	৩	৬

(১২১১৭)

মূল্য : টাকা ৪.০০

ক্রমিক নম্বর	অফিসের নাম	কর্মকর্তা-কর্মচারী		
		কর্মকর্তা	কর্মচারী	মোট
৬.	উপজেলা প্রকৌশল অফিস	১	১৬	১৭
৭.	উপজেলা নির্বাচন অফিস	১	২	৩
৮.	উপজেলা আনসার ও ভিডিপি অফিস	১	২	৩
৯.	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার অফিস	১	১	২
১০.	উপজেলা খাদ্য অফিস	১	৩	৪
১১.	উপজেলা চেয়ারম্যানের অফিস	-	৩	৩
১২.	উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তার অফিস (হাসপাতালসহ)	১০	৩৭	৪৭
১৩.	উপজেলা কৃষি অফিস	৩	২৪	২৭
১৪.	উপজেলা প্রাণিসম্পদ অফিস	২	৭	৯
১৫.	উপজেলা মৎস্য অফিস	১	৪	৫
১৬.	উপজেলা পরিবার পরিকল্পনা অফিস	২	৮	১০
১৭.	উপজেলা জনস্বাস্থ্য প্রকৌশল অফিস	১	৭	৮
১৮.	উপজেলা মহিলা বিষয়ক অফিস	১	১	২
১৯.	উপজেলা পল্লী উন্নয়ন অফিস	২	১	৩
২০.	উপজেলা সমাজ সেবা অফিস	১	৯	১০
২১.	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস	২	৪	৬
২২.	উপজেলা সমবায় অফিস	১	৩	৪
২৩.	উপজেলা পরিসংখ্যান অফিস	১	৩	৪
২৪.	উপজেলা যুব উন্নয়ন অফিস	১	৬	৭
	সর্বমোট =	৪০	১৯৮	২৩৮

০২। উপর্যুক্ত সরকারি সিদ্ধান্তের আলোকে সংশ্লিষ্ট সকল মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর ঈদগাঁও উপজেলা স্থাপনের লক্ষ্যে লোকবল নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

০৩। ঈদগাঁও উপজেলার সদর দপ্তর ঈদগাঁও মৌজায় স্থাপিত হবে।

মোঃ রাহাত আনোয়ার
অতিরিক্ত সচিব (সমন্বয়)।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মাকসুদা বেগম সিদ্দীকা, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd